

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন  
পুরস্কার ও বৃত্তি শাখা  
www.bncu.gov.bd

১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০৮.০২.০০১.১৯.৪

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫

০৫ মার্চ ২০১৯

বিষয়: **UNESCO Japan Prize on Education for Sustainable Development 2019**

সূত্র: CL/4261


উপর্যুক্ত বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, “The UNESCO-Japan Prize on Education for Sustainable Development 2019” এর জন্য বাংলাদেশ হতে মনোনয়ন আহ্বান করা হয়েছে। ইউনেস্কোর ১৯৫তম নির্বাহী বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী এ পুরস্কারের প্রবর্তন করা হয়। যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান অথবা সংস্থা শিক্ষার টেকসই উন্নয়নে বিশেষ অবদান রাখছে তাঁদেরকে উক্ত পুরস্কারে ভূষিত করা হবে। প্রত্যেক সদস্য রাষ্ট্র থেকে সরকারি এবং বেসরকারিভাবে তিনজন প্রার্থীর মনোনয়ন আহ্বান করা হয়েছে। পাঁচজন বিশেষজ্ঞের সমন্বয়ে গঠিত একটি স্বাধীন আন্তর্জাতিক জুরীর প্রত্যয়নের উপর ভিত্তি করে ইউনেস্কোর মহাপরিচালক তিনজন বিজয়ীকে নির্বাচিত করবেন। জাপান সরকারের অর্থায়নে প্রত্যেক পুরস্কার বিজয়ীকে ৫০,০০০ ইউ এস ডলার প্রদান করা হবে।

“The UNESCO-Japan Prize on Education for Sustainable Development 2019” এর মনোনয়নের ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে -

- Each nomination shall be accompanied by a written recommendation, which shall include, in English or French inter alia:
- A description of the candidate’s background and achievements;
- A summary of the work or the results of the work, publications and other supporting documents of major importance and
- A definition of the candidate’s contribution to the Prize’s objectives.

পুরস্কার সম্পর্কিত সব তথ্য ও মনোনয়ন ফরম <https://en.unesco.org/esd-prize> এই ওয়েব সাইটে পাওয়া যাবে।

২। এমতাবস্থায়, “The UNESCO-Japan Prize on Education for Sustainable Development 2019”-এর জন্য উপযুক্ত প্রার্থীকে মনোনীত করে ডাউনলোডকৃত ফরম পূরণপূর্বক সকল কাগজপত্রের ইলেক্ট্রনিক কপি এবং হার্ড কপি (দুই সেট) আগামী ৩১ মার্চ ২০১৯ তারিখের মধ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ মনজুর হোসেন  
ডেপুটি সেক্রেটারি জেনারেল

বিতরণ :


- ১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৫) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী
- ৬) পরিচালক, ব্র্যাক সেন্টার, ৭৫-মহাখালী, ঢাকা
- ৭) প্রোগ্রাম পরিচালক (শিখন), সেভ দ্য চিলড্রেন, হাউজ নং-৩৫, রোড-৪৩, গুলশান-২, ঢাকা-১২১২
- ৮) নির্বাহী পরিচালক, গণস্বাক্ষরতা অভিযান, ৫/১৪, হামায়ুন রোড, ঢাকা
- ৯) নির্বাহী পরিচালক, আহসানিয়া মিশন

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০৮.০২.০০১.১৯.৪/১(২)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫  
০৫ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ



মোঃ মনজুর হোসেন  
ডেপুটি সেক্রেটারি জেনারেল